দৈনিক সংবাদ

04 NOV 1988 ... কলাম 5 ...

070

# শিক্ষার পরিবেশ বজায় রাখতে শিক্ষকদের মুখ্য ভূমিকা পালন করতে হবে : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ বলেছেন, শিক্ষাঙ্গনকে বিশৃংখলামুক্ত করে শিক্ষার পরিবেশ বজায় রাখতে শিক্ষকদেরকেই মুখ্য ভূমিকা পালন করতে হবে। গতকাল বঙ্গভবনে শিক্ষক সমিতি ফেডারেশনের নির্বাহী কমিটির সভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি সভায় সভাপতিত্ব করছিলেন।

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## রাষ্ট্রপতি

(১ম পাতার পর)

খবর বাসস'র।

রাষ্ট্রপতি বলেন: যদি শিক্ষকরা এই উদ্দেশ্য লাভে সমর্থ হন তবে জাতি তাদের কাছে কৃতজ্ঞ থাকবে।

তিনি বলেন, শিক্ষকদের সমস্যা সমাধানে শিক্ষা মন্ত্রণালয়ের সুপারিশ বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হচ্ছে।

সভায় সংগঠনের মহাসচিব অধ্যক্ষ এ,কে, এম শহীদুল্লাহ তার রিপোর্ট পেশ করেন। রাষ্ট্রপতি শিক্ষক সমিতি ফেডারেশনের অব্যাহত তৎপরতায় সন্তোষ প্রকাশ করেন।

সভায় গৃহীত প্রস্তাবে সফলভাবে বন্যা পরিস্থিতি মোকাবেলায় রাষ্ট্রপতিকে ধন্যবাদ জানানো হয়।